# উপজেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট

**বিষয় : উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

**সভাপতি : জান্নাতআরা ফেরদৌস**
প্রশাসক, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ১৮/১১/২০২৪খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৩/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, লালমনিরহাট | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬ (ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিস্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে শীতজনিত কারণে বিশেষ করে বয়স্ক ও শিশুরা নিউমোনিয়া, হাপানি রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। অসুস্থ্য হলে বাড়িতে বিলম্ব না করে ডাক্তারের পরামর্শ গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী হাসপাতালে ভর্তি করতে হবে।<br><br>তিনি সভায় আরো জানান যে, নারীদের জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধের উপর গরুব আরোপ করে সরকার এ বছর গত ২৪ অক্টোবর/২০২৪ তারিখ হতে ২৪ নভেম্বর/২০২৪ পর্যন্ত মাসব্যাপী এইচপিভি টিকাদান ক্যাম্পেইন অংশ হিসেবে ৫ম শ্রেনীর ছাত্রীর ২৬৫৬জন, ৬ষ্ঠ শ্রেনীর ২১০০ জন, ৭ম শ্রেনীর ২০১৬জন, ৮ম শ্রেনীর ২০৫২ ও ৯ম শ্রেনীর ১৯০২জনকে ভ্যাকসিন টিকা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে জনসচেতনতামূলক স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিস্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২) ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ০২ | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি আমন মৌসুমে ১৬৫৫০ হেক্টর জমিতে আমন ধান রোপন করা হয়েছে। রোপনকৃত আমন ধানের কর্তন চলমান রয়েছে। বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। বর্তমানে মজুদ রয়েছে ইউরিয়া ২৫২ মে.টন, টিএসপি ২৮৪ মে.টন, ডিএপি ৩৪৪ মে.টন, এমওপি ২৩৫ মে.টন। এছাড়া প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপা আমন ইতোপূর্বে ১৫০০জন, গ্রীষ্মকালীন পেঁয়াজ ১০০জন, মাসকলাই ১০০জন এবং সরিষা ৮০০জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে প্রণোদনার বিতরণকৃত বীজ যেন কৃষকগণ যাথাযথ ভাবে রোপন ও চাষাবাদ করেন এ বিষয়ে মনিটরিং করা হচ্ছে। | ১) চলতি মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার বীজ ও সার যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল, সদর, লালমনিরহাট | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে প্রাণী সম্পদ দপ্তর থেকে এ উপজেলায় প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ক্যাম্প করে গবাদিপশুর পিপিআর রোগের ভ্যাকসিন বিনামূলে প্রদান করা হয়েছে। তিনি সভায় আরো জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের পাশে অবস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিসের পুরাতন পরিত্যক্ত ভবনটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। সন্ধ্যার পর সেখানে বিভিন্ন নেশাগ্রস্থ লোকজনের আনাগোনা হয়ে থাকে। ভবনটি যতদ্রুত সম্ভব অপসারণ করা প্রয়োজন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (ক) মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। পিপিআর রোগের ভ্যাক্সিনেশনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে।<br><br>(খ) উপজেলা যুব উন্নয়ন অফিসের পুরাতন পরিত্যক্ত ভবনটি সরেজমিনে পরিদর্শনপূর্বক কনডেম ঘোষনার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br><br>উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০৪ | সিনিয়র উপজো মৎস্য অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে। অবৈধ পদ্ধতিতে দেশীয় মাছ শিকাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | সি: উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এ উপজেলায় বন্যাকবলিত/জরুরী মেরামতযোগ্য নিম্নবর্ণিত ০৮টি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বরাদ্দ পাওয়া গেছে। যথা: (১) মধুরাম সরকারি প্রাথমিক বিদ্যালয়-২,০০,০০০/- (২) টুপামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়-২০০,০০০/- (৩) বোয়ালমারী সরকারি প্রাথমিক বিদ্যালয়-১০০,০০০/- (৪) ১নং হরিনচড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়-২০০,০০০/- (৫) ২নং হরিণচড়া আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়-১০০,০০০/- (৬) সাতভিটা সরকারি প্রাথমিক বিদ্যালয়-১০০,০০০/- (৭) ২নং খুনিয়াগাছ সরকারি প্রাথমিক বিদ্যালয়-২০০,০০০/-(৮) বাগডোড়া অনিলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়-২০০,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | (ক) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) বরাদ্দ প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মেরামত/সংস্কার কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিম্নোক্ত ০৩ সদস্য বিশিষ্ট মনিটরিং কমিটি গঠন করা হয়।<br>(ক) সংশ্লিষ্ট ইউনিয়ন সহকারী শিক্ষা অফিসার<br>(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান<br>(গ) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা<br>বর্ণিত কমিটি নিয়মিত মনিটরিং করে সমাপ্ত অন্তে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করবেন। | উপজেলা শিক্ষা অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদর, লালমনিরহাট | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, লালমনিরহাট সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৪ সালের ব্যানবেইস জরিপ কার্যক্রম চলমান আছে এবং শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৫ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে। ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ সমাপ্ত হয়েছে। জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্রিকেট ট্যালেন্ট হান্ট-২পর্ব কার্যক্রমের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। অক্টোবর/২০২৪ মাসে অনলাইনে মাদ্রাসা পর্যায়ের ১৭টি আবেদন এবং বিদ্যালয় পর্যায়ের ৫৬টি আবেদন উপজেলা পর্যায়ে পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৯টি আবেদন ত্রুটিপূর্ণ হওয়ায় সংশোধনপূর্বক প্রেরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট ফেরৎ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (ক) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(খ) জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের এইচপিভি টিকাদান নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১) নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>২) মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা প্রকৌশলীর কার্যালয় | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিল এর প্রকল্প গ্রহণের জন্য গত সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও অফিসারগণকে প্রকল্পসমূহের প্রস্তাব প্রেরনের অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে শুধুমাত্র রাজপুর ও পঞ্চগ্রাম ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে। তিনি সভায় পুন:রায় সংশ্লিষ্ট সকলকে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণের পুন:রায় অনুরোধ জানান<br><br>(খ) সভায় সভাপতি ও প্রশাসক, উপজেলা পরিষদ, জানান যে, উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভা কক্ষ এবং মিলনায়তনের পর্যাপ্ত চেয়ার টেবিল না থাকায় বিভিন্ন সভা/অনুষ্ঠান পরিচালনা বিঘ্নিত হচ্ছে। এ বিষয়ে দ্রুততম সময়ের মধ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। | (ক) চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং উপজেলা রাজস্ব উন্নয়ন প্রকল্পের অধীন উপজেলার অত্যাবশকীয় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে।<br><br>(খ) উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম সুচারুভাবে বাস্তবায়নের স্বার্থে উপজেলা পরিষদ সভা কক্ষ এবং মিলনায়তনের আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত সরেজমিন পরিদর্শন অন্তে জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান/উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী |
| ৯ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ইজিপিপি কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং বীর নিবাস নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরাসহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে লালমনিরহাট সদর এলএসডি এবং তিস্তা এলএসডি গোডাউনে পর্যাপ্ত ধান ও চাল মজুত রয়েছে। এছাড়া খাদ্যবান্ধব কর্মসূচির ৩০কেজি চাল বিতরণে নিয়োগকৃত ডিলারদের চুক্তি ৫ (পাঁচ) বছর অতিক্রম হওয়ায় নতুন ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। আগামী ১৯নভেম্বর/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত বাক্সে আবেদন গ্রহণ করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান | বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ও এমএস কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ডিলার নিয়োগ সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র, সদর, লালমনিরহাট | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | এ উপজেলায় অবৈধ করাতকলগুলোর তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সার্টিফিকেট মামলাগুলো নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর অফিস | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ১৭ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর লালমনিরহাট | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। নির্মানাধীন ওয়াস ব্লকসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজের গুনগতমান নিশ্চিত অন্তে কাজ শেষ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সদর লালমনিরহাট | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান অফিস, সদর লালমনিরহাট | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় জানান যে, দেশের আর্থ-সামাজিক অবস্থা নিরুপনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে থাকে। এ বছর আগামী ১০-২৬ ডিসেম্বর/২০২৪ দেশব্যাপী অর্থনৈতিক শুমারি-২০২৪ পরিচালিত হবে। এ শুমারির আওতায় দেশে অবস্থিত সকল ধরনের প্রতিষ্ঠান, কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত খানা এবং প্রাতিষ্ঠানিক কৃষি খামার অর্থনৈতিক শুমারির আওতাভুক্ত হবে। তিনি সভায় বর্ণিত শুমারি পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | উপজেলা সমবায় কর্মকতার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনকে জানাতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, সদর লালমনিরহাট | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান যে, বর্তমানে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় এ উপজেলায় ২৩টি গভীর নলকূপ, এলএসপি-০২টি চালু আছে। এছাড়া ইআইআর প্রকল্পের আওতায় রাজপুর, কুলাঘাট, গোকুন্ডা এবং হারাটি ইউনিয়নে এলএসপি চালুর প্রস্তাব পাঠানো হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে বরেন্দ্র কর্তৃক সেচ পাম্পগুলো যেন সচল থাকে তা সরজমিনে তদারকি করতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২৩ | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), সদর লালমনিরহাট | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, সভায় জানান যে, প্রধান কার্যালয়ের নির্দেশনা ও প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়ার কারণে অক্টোবর/২০২৪ মাসে তথ্য কেন্দ্রের উঠান বৈঠক করা সম্ভব হয়নি। বরাদ্দ পেলে উঠান বৈঠক করা হবে। ডোর টু ডোর সেবা ও তথ্যকেন্দ্র থেকে বিভিন্ন চাকুরীর আবেদন, জরায়ু কান্সারের রেজিস্টেশন, প্রয়োজনীয় তথ্য প্রদান ও বিনামূল্যে মহিলাদের স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | বিবিধ | (ক) সভায় প্রশাসক, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর জানান যে, এ উপজেলা পরিষদের নিজস্ব ১১টি দোকান ঘর চুক্তিপত্রের মাধ্যমে ভাড়া প্রদান করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, ভাড়া গ্রহণকারীগণ নিয়মিত ভাড়া প্রদান করছেন না। এ বিষয়ে একাধিকার তাগিদ প্রদান করা হয়েছে। এছাড়া সর্বশেষ ২০০৫ সালে দোকান ভাড়া বৃদ্ধি করা হয়েছিল। যা বর্তমান বাজার মূল্য বিবেচনায় অনেক কম। স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার গত ৯সেপ্টেম্বর/২০১০ প্রজ্ঞাপন এর ৯নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে দোকান ঘরগুলোর সর্বশেষ অবস্থানগত দিক বিবেচনায় এবং বর্তমান বাজার দরের সাথে সংগতিপূর্ণ দোকান ভাড়া নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করার প্রস্তাব করেন। | (ক) এ উপজেলা পরিষদের ১১টি দোকান ঘরের সর্বশেষ কাঠামোগত/দখলিয় জমির পরিমাণ পরিমাপ অন্তে বর্তমান বাজারমূল্য অনুযায়ী ভাড়া নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।<br><br>(১) উপজেলা প্রকৌশলী, লালমনিরহাট সদর - আহ্বায়ক<br>(২) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট সদর- সদস্য এবং (৩) সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর- সদস্য। বর্ণিত কমিটিকে আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট সকল |
| | | (খ) সভায় প্রশাসক, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর জানান যে, উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবনে উপজেলা কৃষি অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা পল্লি দারিদ্র বিমোচন অফিস এবং উপজেলা পল্লি জীবিকায়ন অফিসের কার্যক্রম চলমান রয়েছে। এ ভবনে পৌরসভা কর্তৃক পানি সরবরাহের সংযোগ লাইনটি দীর্ঘদিন থেকে কোন মেরামত সংস্কার না হওয়ায় নষ্ট হয়ে পড়ে। জরুরী প্রয়োজন বিবেচনায় তাৎক্ষনিকভাবে পানির মোটর স্থাপন এবং পানির লাইন সংযোগ বাবদ ৩৯,১১৫/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়। যা সভায় ভুতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি সভায় আরো জানান যে, এ উপজেলা পরিষদ চত্বরে পৌরসভার ৪টি পানির লাইনের মধ্যে ০২টি লাইন (টিএনও পিছনের স্টাপ কোয়াটার পশ্চিম এবং টিএনও পিছনে স্টাপ কোয়াটার পূর্ব) সংযোগ বিচ্ছিন্ন করার জন্য লালমনিরহাট পৌরসভায় ইতোপূর্বে এ কার্যালয়ের ২৯/০৩/২০২৪ তারিখে ২৯৬ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। টিএনও (বাসভবন) নামীয় লাইনটিও দীর্ঘদিন অব্যবহৃত। একমাত্র সচল টিএনও (সম্প্রসারিত ভবন) লাইনটিও দীর্ঘদিন সংস্কারের অভাবে নষ্ট হয়ে গেছে। তথাপি লালমনিরহাট পৌরসভা হতে ০৪টি লাইনেরই পানির বিল দাখিল করা হয়। বর্ণিতাবস্থায়, লালমনিরহাট পৌরসভা কর্তৃক দাখিলকৃত ২,৬৯,১৬৯/- (দুইলক্ষ উনসত্তর হাজার একশত উনসত্তর) টাকার পানির বিল রাজস্ব তহবিল হতে প্রদানপূর্বক অব্যবহৃত ০৪টি লাইন চুড়ান্তভাবে সংযোগ বিচ্ছিন্নের জন্য কর্তন ফি ৪০০০/- (চার হাজার) টাকা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা এবং বর্ণিত ০৪টি পানির লাইন কর্তনের জন্য লালমনিরহাট পৌরসভাক পত্র প্রেরণ করার প্রস্তাব করা হয়। | (খ) উপজেলা পরিষদ পুরাতন সম্প্রসারিত ভবনে পানির লাইন স্থাপন বাবদ রাজস্ব তহবিল দ্বারা ব্যয়িত ৩৯,১১৫/-টাকা ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হলো।<br><br>লালমনিরহাট পৌরসভা কর্তৃক দাখিলকৃত ২,৬৯,১৬৯/- (দুইলক্ষ উনসত্তর হাজার একশত উনসত্তর) টাকার পানির বিল রাজস্ব তহবলি হতে প্রদান করে ০৪টি অব্যবহৃত লাইন চুড়ান্তভাবে সংযোগ বিচ্ছিন্নের জন্য কর্তন ফি ৪০০০/- (চার হাজার) টাকা রাজস্ব তহবিল হতে প্রদানসহ বর্ণিত ০৪টি পানির লাইন কর্তনের জন্য লালমনিরহাট পৌরসভাকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১১/২০২৪
(জান্নাতআরা ফেরদৌস)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

২৮/১১/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২৪ - ১২৫৫ (৪০)

তারিখ: ০৩অগ্রহায়ণ ১৪৩১ / ১৮ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০২. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৪. উপজেলা..............................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৫. জনাব................................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

১৮/১১/২০২৪
জান্নাতআরা ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)
unolalmonirhat@mopa.gov.bd

১৮/১১/২৪